দৈনিক ইনকিলাব

তারিখ 01 DEC 1987
পৃষ্ঠা 4 কলাম 1

04

# উপজেলা পরিক্রমা

## হোমনা

দাউদকান্দি (কুমিল্লা), ৩০ নভেম্বর (সংবাদদাতা)।— কুমিল্লা জেলা সদর থেকে ৬০ কিলোমিটার দূরবর্তী ১০টি ইউনিয়ন নিয়ে হোমনা উপজেলা গঠিত। ৬৯ বর্গমাইল নিয়ে হোমনা উপজেলার লোকসংখ্যা ৩ লাখ। এখানে ২০৩টি গ্রাম রয়েছে।

### কৃষি

এ উপজেলার আবাদী জমির পরিমাণ ৩৪,২০০ একর, অনাবাদী জমির পরিমাণ ১৩৮৫৫ একর। এক ফসলী জমির পরিমাণ ৭১০০ একর, দু'ফসলী জমির পরিমাণ ৯২৪৯০০ একর, তিন ফসলী জমির পরিমাণ ২২০০ একর। খাদ্যের চাহিদা রয়েছে ৩০,৬০০ টন। উৎপাদিত খাদ্যের পরিমাণ ২৩,৬৩৬ টন। গভীর নলকূপ নেই, অগভীর নলকূপ ৪২টি, শক্তিচালিত পাম্প ১৫৬টি।

### শিক্ষা

উপজেলার ১০টি মাধ্যমিক বিদ্যালয়, ২টি বালিকা বিদ্যালয়, ২টি কলেজ, ৮৩টি সরকারী ও ৯টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়। ২টি সিনিয়র মাদ্রাসা, ৬টি ফোরকানিয়া মাদ্রাসা এবং ৩টি এতিমখানা রয়েছে। এ প্রতিষ্ঠানগুলোতে ছাত্রাবাসের অভাব রয়েছে।

### হাট-বাজার

উপজেলার ১০টি হাট-বাজার নানা সমস্যায় জর্জরিত।

প্রতিবছর এ হাট বাজার থেকে লাখ লাখ টাকা রাজস্ব আদায় করা হলেও এর উন্নয়ন করা হচ্ছে না।